

কো তুঁহ বোলবি মোয় !
হৃদয়মাহ মবু জাগসি অনুখন, আঁখউপর তুঁহ রচলহি আসন,
অরুণ নয়ন তব মরমসঙে মম
নিমিখ ন অন্তর হোয় । কো তুঁহ বোলবি মোয় !
হৃদয়কমল তব চরণে টলমল, নয়নযুগল মম উছলে ছলছল,
প্রেমপূর্ণ তনু পুলকে ঢলঢল
চাহে মিলাইতে তোয় । কো তুঁহ বোলবি মোয় !
বাঁশরিধ্বনি তুহ অমিয় গরল রে, হৃদয় বিদারয়ি হৃদয় হরল রে,
আকুল কাকলি ভুবন ভরল রে,
উতল প্রাণ উতরোয় । কো তুঁহ বোলবি মোয় !
হেরি হাসি তব মধুখতু ধাওল, শুনয়ি বাঁশি তব পিককুল গাওল,
বিকল ভ্রমরসম ত্রিভুবন আওল,
চরণকমলযুগ ছোঁয় । কো তুঁহ বোলবি মোয় !
গোপবধুজন বিকশিতযৌবন, পুলকিত যমুনা, মুকুলিত উপবন,
নীলনীর'পর ধীর সমীরণ,
পলকে প্রাণমন খোয় কো তুঁহ বোলবি মোয় !
তৃষিত আঁখি, তব মুখ'পর বিহরই, মধুর পরশ তব রাধা শিহরই,
প্রেমরতন ভরি হৃদয় প্রাণ লই
পদতলে অপনা খোয় । কো তুঁহ বোলবি মোয় !
কো তুঁহ কো তুঁহ সব জন পুছয়ি, অনুদিন সঘন নয়নজল মুছয়ি,
যাচে ভানু, সব সংশয় ঘুচয়ি,
জনম চরণ 'পর গোয় । কো তুঁহ বোলবি মোয় !